



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়
স্থানীয় সরকার বিভাগ
ইউনিয়ন পরিষদ -১ শাখা
www.lgd.gov.bd


শেখ হাসিনার মূলনীতি
গ্রাম শহরের উন্নতি

স্মারক নং-৪৬.০০.৪৯০০.০১৭.২৭.০০৪.২০২১-৪৪

তারিখ: ০৩ মাঘ ১৪২৭
১৭ জানুয়ারি ২০২১

বিষয়: কারণ দর্শানো নোটিশ

উপর্যুক্ত বিষয়ে আপনি জনাব একে এম মাহমুদুর রহমান রোজেন, চেয়ারম্যান, ০৫নং ভূরুঞ্জামারী ইউনিয়ন পরিষদ, ভূরুঞ্জামারী, কুড়িগ্রাম-কে সাধারণ জনগণকে শারীরিকভাবে লাঞ্ছিত করা, কোন কারণ ছাড়াই পল্লী বিদ্যুতের কর্মকর্তাসহ মসজিদের ইমাম ও উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্সের হেলথ ইন্সপেক্টরকে মারপিট করে সরকারী কাজে বাধা প্রদান, সার্বজনীন দুর্গামন্দিরে গিয়ে মন্দিরের ভিতরে দোকানপাট তুলে দেয়াসহ মন্দিরের গেট ভাঙ্গার হুমকি প্রদান, গভীর রাতে উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্সে গিয়ে চিংকার টেচামিচি করে কর্তব্যরত চিকিৎসকদের হুমকি এবং ভূরুঞ্জামারী প্রেস ক্লাবের সাধারণ সম্পাদক জনাব মো: এমদাদুল হক মন্টুকে মারপিট করে গুরুতর জখম করার অভিযোগে দন্ডবিধির ৩৪১/৩২৩/ ৩২৫/ ৩০৭/৫০৬ ধারায় ভূরুঞ্জামারী থানায় দায়েরকৃত মামলা নং-১০, তারিখ : ১৩/১২/২০২০ এ গ্রেফতার হয়ে জেল হাজতে থাকায় জেলা প্রশাসক, কুড়িগ্রাম এর সুপারিশ মোতাবেক স্থানীয় সরকার বিভাগের ১৭ জানুয়ারি, ২০২১ তারিখের ৪৩ নং স্মারকের প্রজ্ঞাপনে জনস্বার্থে আপনাকে সাময়িক বরখাস্ত করা হয়েছে। কেন আপনাকে স্থানীয় সরকার (ইউনিয়ন পরিষদ) আইন, ২০০৯ এর ৩৪ (৪) (খ) ও (ঘ) ধারার অপরাধে আপনার পদ হতে চূড়ান্তভাবে অপসারণ করা হবেনা তার জবাব পত্র প্রাপ্তির ১০ (দশ) কার্যদিবসের মধ্যে জেলা প্রশাসক, কুড়িগ্রাম এর মাধ্যমে স্থানীয় সরকার বিভাগে প্রেরণের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।


(মো: আবুজাফর রিপন)
সিনিয়র সহকারী সচিব
ফোন: ৯৫৮৬৬০৫
ই-মেইল: up1lgd@gmail.com

জনাব একে এম মাহমুদুর রহমান
চেয়ারম্যান (সাময়িক বরখাস্তকৃত) ০৫নং ভূরুঞ্জামারী ইউনিয়ন পরিষদ,
ভূরুঞ্জামারী, কুড়িগ্রাম।

বিতরণঃ (সদয় জ্ঞাতার্থে ও কার্যার্থে)

- ১। জেলা প্রশাসক, কুড়িগ্রাম (উল্লিখিত ইউপি চেয়ারম্যানের নিকট কারণ দর্শানো নোটিশ জারীপূর্বক তাঁর জবাব সংগ্রহ করে মতামতসহ প্রতিবেদন প্রেরণের অনুরোধসহ)।
- ২। উপজেলা নির্বাহী অফিসার, ভূরুঞ্জামারী, কুড়িগ্রাম।
- ৩। প্রোগ্রামার, স্থানীয় সরকার বিভাগ (পত্রটি স্থানীয় সরকার বিভাগের ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)।

অনুলিপি (সদয় অবগতির জন্য):

- ১। মাননীয় মন্ত্রীর একান্ত সচিব, স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ২। সিনিয়র সচিব মহোদয়ের একান্ত সচিব, স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ৩। অতিরিক্ত সচিব মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ৪। অফিস কপি।